



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ১২ অক্টোবর ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

### রাঙামাটির লংগদুতে বৌদ্ধ বিহারের জমি বেদখলের প্রতিবাদ

রাঙামাটির লংগদুতে বিবেক বনবিহারের জমি অবিলম্বে বেদখলমুক্ত করতে হবে এবং বেদখলকারী সেটেলারদের বিরুদ্ধে দ্রুত শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর রাঙামাটি জেলা ইউনিটের প্রধান সংগঠক শান্তিদেব চাকমা আজ বৃহস্পতিবার, ১২ অক্টোবর ২০২৩ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে সরকারের কাছে এই দাবি জানান এবং এই অন্যায় ভূমি বেদখলের বিরুদ্ধে গণপ্রতিরোধ গড়ে তোলার জন্য সর্বস্তরের জনগণের প্রতি উদাত্ত আহ্বান জানান।

তিনি বলেন, ‘বাঁচার জন্য, ভূমি রক্ষার জন্য এ ছাড়া আমাদের জন্য আর অন্য কোন পথ খোলা নেই।’

লংগদুর ভাইবোন ছাড়া এলাকার পরিস্থিতি বর্তমানে বিক্ষোভনুখ মন্তব্য করে তিনি বলেন, গতকাল বুধবার স্থানীয় জনগণ বেদখলকারীদের বাধা দিলে সেটেলাররা রাতে বিহারে হামলা চালায়, বিহার অধ্যক্ষ ও শ্রমণকে বিতাড়িত করে এবং বিহারের রান্নাঘর নির্মাণের জন্য রক্ষিত কাঠ লুট করে নিয়ে যায়।

তিনি আরও জানান বিহারের জমি ছাড়াও সেটেলাররা স্থানীয় কয়েকজন গ্রামবাসীর জমিও জোরপূর্বক দখল করেছে। তিনি এই ভূমি বেদখল ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

ইউপিডিএফ নেতা পার্বত্য চট্টগ্রামে ভূমি বেদখল পাহাড়ীদের জন্য একটি ক্রনিক ও জীবন-মরণ সমস্যা হয়ে দাঁড়িয়েছে মন্তব্য করে বলেন, সামরিক-বেসামরিক প্রশাসনের সহায়তায় বহিরাগত সেটেলাররা জোরপূর্বক জমি কেড়ে নিয়ে থাকে। এর বিরুদ্ধে পাহাড়ি ভূমি মালিকরা কোথাও প্রতিকার পায় না।

শান্তিদেব চাকমা ভূমি বেদখলকারী সেটেলারদের প্রতি পক্ষপাতমূলক আচরণ করা থেকে বিরত থাকার জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।